



বাংলাদেশ দূতাবাস
লিসবন, পর্তুগাল

Embaixada do Bangladesh, Lisboa, Portugal.



মুজিববর্ষের দুটো দীর্ঘ
প্রগতি ও অক্ষয়িত

১০ ডিসেম্বর ২০২১

পাসপোর্টে তথ্যাদি সংশোধনপূর্বক রি-ইস্যু আবেদনের ক্ষেত্রে করণীয়ঃ

১। আবেদনকারীর নিজের অথবা পিতার অথবা মাতার নাম সংশোধন এবং আবেদনকারীর বয়স সংশোধনের জন্য নিম্নেবর্ণিত দলিলপত্রাদি দাখিল করতে হবেঃ

✓ পাসপোর্ট সংশোধনের আবেদনের ক্ষেত্রে পাসপোর্টে বিদ্যমান জাতীয় পরিচয়ত্র/ জন্মসনদের সংশোধিত কপি প্রদান করতে হবে।

✓ জেএসসি/ জেডিসি/ এসএসসি/ এইচএসসি/ দাখিল/ কারিগরী/ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও সমমান এর সনদপত্র আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

যাদের এ ধরনের সনদপত্র নাই তাদের জন্য প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট কর্তৃক প্রদত্ত হলফনামা পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক সত্যায়িত হতে হবে।

✓ আবেদনে বয়স পরিবর্তনের ক্ষেত্রে সর্বোচ্চ ৫ (পাঁচ) বছরের ব্যবধান গ্রহণযোগ্য হবে।

২। উপরোক্ত বিষয়ে বিদেশস্থ দূতাবাসে আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশের অবস্থান/ বসবাসের প্রমাণক, ছবি, নাম ও বয়স সম্বলিত প্রমাণক যেমনঃ Permanent Residency Card/ Job ID Card/ Student ID Card/ Driving Licence ইত্যাদি আবেদনের সাথে সংযোজন করতে হবে।

৩। প্রত্যেক আবেদনকারীকে তথ্য পরিবর্তনের জন্য লিখিত আবেদন করতে হবে এবং হলফনামা প্রদান করতে হবে যে, ভবিষ্যতে কোন আইনি জটিলতা হলে আবেদনকারী দায়ী থাকবেন এই মর্মে ঘোষণা থাকতে হবে।

৪। বিদেশে বসবাসরত বাংলাদেশের নাগরিকগণ আগামী ২৮ এপ্রিল ২০২২ এর মধ্যে তথ্য সংশোধনের আবেদন করতে পারবেন। নির্ধারিত সময়সীমার মধ্যে তথ্য সংশোধনের আবেদনে ব্যর্থ হলে তথ্য সংশোধনের সুযোগ থাকবে না।



পাসপোর্টে সংশোধনের জন্য প্রয়োজনীয় দলিলপত্রাতিঃ

- ১। পাসপোর্টে বিদ্যমান ব্যক্তিগত নম্বর জন্মসনদ/জাতীয়পরিচয়পত্রের সংশোধিত ফটোকপি ও অনলাইন ভেরিফাইড কপি প্রদান করতে হবে।
- ২। বাংলাদেশ সরকার কর্তৃক স্বীকৃত একাডেমিক সার্টিফিকেট অথবা প্রথমশ্রেণীর ম্যাজিস্ট্রেট কর্তৃক প্রদত্ত এ্যাফিডেভিট পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক সত্যায়নকৃত প্রদান করতে হবে।
- ৩। পর্তুগালের রেসিডেন্ট কার্ডের ফটোকপি প্রদান করতে হবে।
- ৪। সংশোধনের জন্য একটি লিখিত আবেদনপত্র জমা প্রদান করতে হবে।
- ৫। হলফনামা প্রদান করতে হবে।

